# নবনির্বাচিত রাষ্ট্রপতি মির্জা ফখরুলকে বিরোধীদলীয় নেতার অভিনন্দন



ছবি: সংগৃহীত

দেশের ২৩তম রাষ্ট্রপতি নির্বাচিত হওয়ায় মির্জা ফখরুল ইসলাম আলমগীরকে অভিনন্দন জানিয়েছেন বিরোধীদলীয় নেতা ও জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। বৃহস্পতিবার (২০ আগস্ট) দেওয়া এক বার্তায় তিনি নবনির্বাচিত রাষ্ট্রপতিকে শুভেচ্ছা জানান।

অভিনন্দন বার্তায় ডা. শফিকুর রহমান বলেন, রাষ্ট্রপতি দেশের জাতীয় ঐক্যের প্রতীক। গণতান্ত্রিক ধারাকে এগিয়ে নেওয়া, জনগণের অধিকার নিশ্চিত করা, ন্যায়বিচার প্রতিষ্ঠা এবং দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষায় রাষ্ট্রপতির গুরুত্বপূর্ণ দায়িত্ব রয়েছে।

নবনির্বাচিত রাষ্ট্রপতি তার রাজনৈতিক অভিজ্ঞতা ও প্রজ্ঞাকে কাজে লাগিয়ে দলীয় পরিচয়ের ঊর্ধ্বে উঠে দায়িত্ব পালন করবেন বলে আশা প্রকাশ করেন তিনি। সংবিধান ও আইনের শাসন সমুন্নত রাখার পাশাপাশি ইনসাফ ও জাতীয় ঐক্য জোরদারে মির্জা ফখরুল ভূমিকা রাখবেন বলেও প্রত্যাশা করেন বিরোধীদলীয় নেতা।

LENS ASIA

তিনি আরও বলেন, সাম্য, মানবিক মর্যাদা ও সামাজিক ন্যায়বিচার প্রতিষ্ঠার ক্ষেত্রেও রাষ্ট্রপতি কার্যকর ভূমিকা রাখবেন বলে তারা আশা করেন।

মির্জা ফখরুলের আগের রাজনৈতিক ও রাষ্ট্রীয় দায়িত্ব পালনের প্রসঙ্গ টেনে ডা. শফিকুর রহমান বলেন, ২০০১ থেকে ২০০৬ সালের চারদলীয় জোট সরকারের সময় তিনি জোটের শরিক দলগুলোর নেতাদের সঙ্গে রাষ্ট্র পরিচালনার কাজে যুক্ত ছিলেন। তার দীর্ঘ রাজনৈতিক অভিজ্ঞতা ভবিষ্যতে দেশের কল্যাণে কাজে আসবে বলে আশাবাদ ব্যক্ত করেন তিনি।

সবশেষে নবনির্বাচিত রাষ্ট্রপতির সুস্বাস্থ্য ও দীর্ঘ জীবন কামনা করেন বিরোধীদলীয় নেতা। একই সঙ্গে রাষ্ট্রীয় দায়িত্ব পালনে তার সর্বাঙ্গীণ সাফল্যও কামনা করেন তিনি।